

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং-কুসক-২০২৩/২৮৪

তারিখঃ- ০৯/১১/২০২৩

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা ২০২৩ - ২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা বোর্ডসমূহ বৃত্তির নামের তালিকা (বৃত্তির গেজেট) স্ব স্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করেছে; মাধ্যমিক পরীক্ষা পাশ বোর্ডের ওয়েব সাইটে প্রকাশিত বৃত্তি তালিকায় নাম থাকলে “ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮-২৫/২৪ তারিখ : ৩০/১০/২০২৩ ” খিস্টাব্দের আলোকে “২০২৩ সালের এস.এস.সি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য MIS Software এ এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি” আলোকে G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে সরাসরি প্রেরণ করা হবে। তদুপলক্ষে এ কলেজে একাদশ শ্রেণীতে অধ্যয়নরতবোর্ড বৃত্তিপ্রাপ্ত সকল ছাত্র/ছাত্রীদের নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করত: প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ও বৃত্তির নির্ধারিত তথ্য ছক পূরণকরে আগামি ১২/১১/২০২৩ খ্রি: থেকে ১৪/১১/২০২৩ তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হল।

বি.দ্র.- নির্দিষ্ট তারিখের মধ্যে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করত: আবেদন পত্র, অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংক হিসাব নম্বরসহ অন্যান্য কাগজপত্র জমা না দেয়ার দরুন বোর্ড বৃত্তি না পেলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিষয়টি অতীব জরুরী।

**অনুসরণীয় নির্দেশাবলী :-**


- (১) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত থাকতে হবে;
- (২) বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/ মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব / স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- (৩) যৌথ নামে ব্যাংক হিসাব / স্কুল ব্যাংক হিসাব খোলা হলে যৌথ নামই উল্লেখ করতে হবে;
- (৪) শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।
- (৫) শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- (৬) অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে; ব্যাংক হিসাবটি বর্তমানে সচল থাকতে হবে।
- (৭) বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে
- (৮) শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও জিপিএ সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে;
- (৯) বৃত্তির ক্যাটাগরি ( মেধা ও সাধারণ ) সঠিক ও নির্ভুলভাবে পুরন করতে হবে;
- (১০) ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পুরন করতে হবে;

**আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে**

- (১) ভর্তি ফরমের ফটোকপি। (২) এস.এস.সি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি। (৩) বোর্ড বৃত্তি তালিকার ফটোকপি ( নাম সম্বলিত পৃষ্ঠার )। (৪) ব্যাংক হিসাব নম্বর সম্বলিত কাগজ। (৫) শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি। (৬) পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। (৬) সংশ্লিষ্ট বিদ্যালয় হতে সংগ্রহকৃত বোর্ডবৃত্তি সংক্রান্ত পত্যয়নপত্র।

**কপি বিতরণ :**

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২২-২০২৩, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। আহ্বায়ক, বোর্ডবৃত্তি মনিটরিং কমিটি-২০২২, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। তথ্য কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। প্রধান সহকারী, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। হিসাব রক্ষক/ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। শাখা সহকারী, উচ্চ মাধ্যমিক শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৯। নোটিশ বোর্ড, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ১০। স্মরণ নথি।

  
০৯/১১/২৩  
অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।  
অধ্যক্ষ  
কুষ্টিয়া সরকারি কলেজ  
কুষ্টিয়া।